

সংবাদ

উপবৃত্তির নামে পূর্বধলায় স্কুলে সিম বিক্রি!

প্রতিনিধি, পূর্বধলা (নেত্রকোণা)

নেত্রকোণার পূর্বধলায় হোগলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের উপবৃত্তির টাকা উত্তোলনের জন্য অভিভাবকের কাছে মোবাইল সিম বিক্রির নামে অতিরিক্ত টাকা আদায়ের অভিযোগ উঠেছে ওই বিদ্যালয়ের প্রধান শিক্ষকের বিরুদ্ধে। এতে বিদ্যালয়ের শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে ক্রোধের সৃষ্টি হয়েছে। জানা গেছে, গত ৭ জুলাই শুক্রবার উপজেলা হোগলা ইউনিয়নের হোগলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের

প্রধান শিক্ষক মাকসুদুল আলম মোবাইল সিম বিক্রিতে এজেন্টদের নিয়ে বিদ্যালয়ে অধ্যয়নরত শিক্ষার্থীদের অভিভাবকদের কাছে সিম বিক্রি করছিলেন। এতে ক্রেতাদের কাছ থেকে সিমের মূল্য বাবদ একশ থেকে দেড়শ টাকা আদায় করা হয়। এতে অভিভাবকরা প্রধান শিক্ষকের বিরুদ্ধে ক্রোধ প্রকাশ করে সংশ্লিষ্ট দপ্তরে বিষয়টি তুলে ধরেন। এ সময় তারা বলেন, তাদের বৈধ মোবাইল সংযোগ থাকা সত্ত্বেও প্রধান শিক্ষক মোবাইল কোম্পানির এজেন্টদের

যোগসাজশে অতিরিক্ত টাকা আদায় করে সিম ক্রয় করতে তাদের বাধ্য করছেন। এ ব্যাপারে প্রধান শিক্ষক মো. মাকসুদুল আলমের কাছে জানতে চাইলে তিনি বলেন, শিক্ষার্থীদের অভিভাবকের বৈধ মোবাইল সংযোগ না থাকায় ইতিপূর্বে ২৭৮ জন উপবৃত্তিধারীর মধ্যে মাত্র ১৮ জন উপবৃত্তির টাকা পেয়েছে, বাকিরা পায়নি। তাই বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি ও সদস্যদের পরামর্শ অনুযায়ী অভিভাবকদের মাঝে এক সাথে বৈধ মোবাইল সংযোগ দেয়ার জন্য ব্যবস্থা করা হয়েছে। সিমের দামের বিষয়টি বিক্রিতে আর ক্রেতাদের আলোচনা সাপেক্ষে হয়েছে। এ ব্যাপারে উপজেলা শিক্ষা অফিসার ফাতেমা সুলতানা বলেন বিষয়টির ব্যাপারে খোঁজ নিয়ে ব্যবস্থা নেয়া হবে।